# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৫২

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১৩০. জুমু'আর দিন গোসল না করার অনুমতি প্রসঙ্গে

باب فِي الرُّخْصَةِ فِي تَرْكِ الْغُسْلِ يَوْمَ الْجُمُعَةِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، عَنْ عَمْرَةَ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ النَّاسُ مُهَّانَ أَنْفُسِهِمْ فَيَرُوحُونَ إِلَى الْجُمُعَةِ بِهَيْئَتِهِمْ فَقِيلَ لَهُمْ لَوِ اغْتَسَلْتُمْ ‏.‏

- صحيح : ق

বাংলা

৩৫২। 'আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, লোকেরা নিজেদের শ্রমে নিয়োজিত থাকত এবং ঐ (বস্ত্র পরিহিত) অবস্থায়ই জুম্মার সালাত আদায়ে চলে যেত। তখন তাদের বলা হলো, যদি তোমরা গোসল করে আসতে (তাহলে ভাল হত)! [1]

সহীহ: বুখারী ও মুসলিম।

## English

'Aishah said:
The people (mostly) were workers and they would come for Friday prayer in the same condition, so it was said to them: If only you were to perform Ghusl.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ জুমু‘আহ, অনুঃ সূর্য হেলে গেলে জুমু‘আহর সময় হয়, হাঃ ৯০৩), মুসলিম (অধ্যায়ঃ জুমু‘আহ, অনুঃ জুমু‘আহর দিনে প্রত্যেক প্রাপ্ত বয়স্ক পুরুষের গোসল করা ওয়াজিব) উভয়ে ইয়াহইয়া ইবনু সাঈদ সূত্রে।
-

হাদীস থেকে শিক্ষাঃ

জুমু‘আহর দিনে গোসল করা উচিত। এর হিকমাত হচ্ছে, (শারীরের ঘাম ও ময়লাযুক্ত) দুর্গন্ধ দূরা করা, যাতে লোকেরা একে অন্যের থেকে কষ্ট না পায় এবং ফিরিশতারাও কষ্ট না পান।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57670

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন